ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫০৩
আগরতলা, ২ মে, ২০২৫

**মনুবাজারে মেগা স্পেশালিস্ট হেলথ ক্যাম্প**
**বিনামূল্যে ৩৭২ জনের চিকিৎসা**

সাব্রুমের মনুবাজার সিএইচসি’র অন্তর্গত রাজীবনগর আয়ুষ্মান আরোগ্য মন্দিরে আজ মেগা স্পেশালিস্ট হেলথ ক্যাম্প’র আয়োজন করা হয়। এই স্বাস্থ্যশিবিরে এজিএমসি এবং জিবিপি হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধপত্র বিতরণ করেন। এই মেগা স্বাস্থ্যশিবিরে মনুবাজার এলাকার ৩৭২জন বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবার সুযোগ গ্রহণ করেন। এজিএমসি এবং জিবিপি হাসপাতাল এটিজিডিএ দক্ষিণ ত্রিপুরা এবং ডিএইচ এন্ড এফডব্লিউএস এর সহযোগিতায় এই মেগা স্বাস্থ্যশিবিরের আয়োজন করে।

স্বাস্থ্য দপ্তর থেকে জানানো হয়েছে, এই মেগা স্বাস্থ্যশিবিরে মেডিসিন বিভাগের ডা. কনক চৌধুরী, ডা. মহেন্দ্র দেববর্মা ও ডা. তৃষ্ণা ভামচি, জেনারেল সার্জারি বিভাগে ডা. দীপ্তনু চৌধুরী, অপথালমোলজি বিভাগে ডা. প্রীতম চন্দ্র কর, পেডিয়াট্রিক বিভাগে ডা. রিপন দেববর্মা, ওবিএস এবং গাইনি বিভাগে ডা. দেবাশিস সাহা, পিএমআর বিভাগে ডা. দেবাশিষ দেব, অর্থপেডিক্স বিভাগে ডা. স্নেহাশিস দত্ত, ইএনটি বিভাগে ডা. সত্যকান্ত চক্রবর্তী, ফরেনসিক মেডিসিন বিভাগে ডা. আশিস দাস এবং দক্ষিণ ত্রিপুরায় কর্মরত বিশেষজ্ঞ চিকিৎসক ডা. সাগর সম্রাট দেববর্মা, ডা. মধুমিতা রায়, ডা. আনুপ ভৌমিক, ডা. দেবশ্রী সরকার স্বাস্থ্যশিবিরে আসা মানুষের স্বাস্থ্য পরীক্ষা করেন এবং প্রয়োজনীয় ওষুধ বিনামূল্যে বিতরণ করেন।

******